



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা  
সাধারণ সেবা উপ-বিভাগ



সূত্র নং- ১/১২/২০৭/ ৩৪৫৫  
তারিখঃ ২৬ ফেব্রুয়ারি ২০২০

সকল আঞ্চলিক ব্যবস্থাপক  
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা  
সকল শাখা ব্যবস্থাপক  
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বিষয়ঃ মুজিব জন্মশতবার্ষিকী (২০২০-২০২১) উদযাপন উপলক্ষ্যে শাখা/কার্যালয়ের করণীয় বিষয়ক নির্দেশনা।


প্রিয় মহোদয়,

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সরকার ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সময়কালকে মুজিববর্ষ ঘোষণা করেছে। এ উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (প্রশাসন ও কল্যাণ শাখা) হতে সূত্র নং- ৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.১৯-৮০০, তারিখ ০৮/১২/২০১৯ মোতাবেক নির্দেশনা দান করা হয়েছে। উক্ত প্রত্রে নির্দেশনার আলোকে মুজিববর্ষ যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা দেয়া হলো :

০১. ১৭ মার্চ ২০২০ তারিখে যথাযথ মর্যাদার সাথে সকল শাখা/ কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে;
০২. স্থানীয় প্রশাসনের সঙ্গে সময়ের মাধ্যমে জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত অনুষ্ঠানে অংশগ্রহণ করা;
০৩. শাখা/কার্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন ও সৌন্দর্যবর্ধন করা;
০৪. 'বঙ্গবন্ধু সঞ্চয়ী আমানত' এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ব্যাংক কর্তৃক গৃহীত শ্লোগান সম্বলিত ২টি ফেস্টুনের ডিজাইন ই-মেইল যোগে প্রেরণ করা হয়েছে। যার সাইজ হবে-৩৬ ইঞ্চি x ৬০ ইঞ্চি। স্থানীয়ভাবে ফেস্টুন দুটির ডিজিটাল প্রিন্ট করতে হবে।
০৫. মুজিব জন্মশতবার্ষিকী ১৭ মার্চ ২০২০ হতে শুরু হয়ে পরবর্তী এক বছরব্যাপী চলবে। তাই ফেস্টুন দুটি যথাযথ সম্মান এবং যত্নের সাথে শাখা/কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রদর্শন করে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।
০৬. ফেস্টুন দুটির সফট কপি PDF এবং Adobe Illustrator ফরমেটে Outline করে ই-মেইল যোগে প্রেরণ করা হলো। ফেস্টুন/ব্যানার প্রিন্ট করার সময় এর নির্ধারিত ডিজাইন, সাইজ, কালার, ফন্ট ইত্যাদি অবিকৃত রাখতে হবে।

২। এ বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে,

  
এম. জাফর মিয়া  
সহকারী মহাব্যবস্থাপক  
মোবাইলঃ ০১৭১২-২১৩৯৮৬

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১) স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) মহাব্যবস্থাপক (প্রশাসন / অপারেশন), আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহ)
- ৫) নথি/ মহানথি।

